বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩

তারিখ: ০৭ মার্চ ২০২৪ / ২৩ ফাল্গুন ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকের জেনারেল সাইড ও ক্যাশ সাইডের কতিপয় পদনাম পরিবর্তন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংকের পরিচালক পর্ষদের ১৪ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৪৩১তম সভার অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাংকের জেনারেল সাইড ও ক্যাশ সাইডের কতিপয় পদনাম নিম্নরূপভাবে পরিবর্তন করা হয়েছে:

বিদ্যমান পদনাম	পরিবর্তিত পদনাম	ইংরেজিতে পদনাম
কারেন্সি অফিসার	নির্বাহী পরিচালক (কারেন্সি)	Executive Director (Currency)
মহাব্যবস্থাপক (ক্যাশ)	পরিচালক (ক্যাশ)	Director (Cash)
উপমহাব্যবস্থাপক (ক্যাশ)	অতিরিক্ত পরিচালক (ক্যাশ)	Additional Director (Cash)
যুগ্মব্যবস্থাপক	যুগ্মপরিচালক	Joint Director
যুগ্মব্যবস্থাপক (ক্যাশ)	যুগ্মপরিচালক (ক্যাশ)	Joint Director (Cash)
উপব্যবস্থাপক	উপপরিচালক	Deputy Director
উপব্যবস্থাপক (ক্যাশ)	উপপরিচালক (ক্যাশ)	Deputy Director (Cash)
সহকারী ব্যবস্থাপক	সহকারী পরিচালক	Assistant Director
সহকারী ব্যবস্থাপক (ক্যাশ)	সহকারী পরিচালক (ক্যাশ)	Assistant Director (Cash)

২। এমতাবস্থায়, এ কার্যালয়ের সাথে দাপ্তরিক প্রয়োজনে পত্র/ই-মেইলসহ সকল ধরনের যোগাযোগের ক্ষেত্রে পরিবর্তিত পদনাম ব্যবহার করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২